বরাবর,

চেয়ারম্যান,

গ্রাম আদালত,

৫নং বিনাইল ইউ,পি,

বিরামপুর, দিনাজপুর।

বিষয়ঃ কর্জ টাকা আদায় প্রসঙ্গে।

| বাদী, | বিবাদী, | স্বাক্ষীগনের নাম, |
|---|---|---|
| মোঃ হারুনুর রশিদ, | মোঃ মহাসিন, | ১। মোঃ জুয়েল রানা, (ইউ,পি সদস্য) |
| পিতাঃ মোঃ ওয়াবদুল ইসলাম, | পিতাঃ মৃত থবির উদ্দিন মন্ডল, | ২। মোঃ মোস্তাফিজুর রহমান, |
| সাং- গংগাদাসপুর, ডাকঃ দেশমা, | সাং- গংগাদাসপুর, ডাকঃ দেশমা, | ৩। মোঃ এনামুল ইসলাম, |
| উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর | উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর | |
| মোবাঃ ০১৭৫২৭৩৬৮৭০। | | |

জনাব,

যথা বিহীত সম্মান জ্ঞাপন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি অত্র ৫নং বিনাইল ইউ,পির অর্ন্তগত ০১নং ওয়ার্ডের গংগাদাসপুর গ্রামের একজন সহজ সরল, অতিব আইনের প্রতি শ্রদ্ধাসীল দরিদ্র ব্যক্তি হইতেছি। পক্ষান্তরে, বিবাদী একজন পরধন লোভী, অন্যের টাকা আত্মসাৎকারী, স্বার্থভোগী এবং চালাক ব্যক্তি হইতেছে। উল্লেখ্য যে, আমরা বাদী ও বিবাদীগন একই গ্রামে ও এক পাড়ায় বসবাসরত প্রতিবেশি হইতেছি। বিবাদী গত ৭(সাত) বছর পূর্বে আমার নিকট হতে ৫(পাঁচ) হাজার টাকা কর্জ/ধার স্বরুপ গ্রহণ করেন এবং উক্ত কর্জ টাকা ০১(এক) মাস পর পরিশোধ দিবে মর্মে অঙ্গীকার করে বিদেশে চাকুরী করার জন্য যায়। কিন্তু ১ মাস পরে বিবাদীর বাড়ীতে কর্জ টাকার কথা বললে বিবাদীর আত্মীয়রা আমাকে টাকা দিতে অস্বীকৃতি জানায়। এরপর দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর বিবাদী বিদেশ থেকে বাড়ীতে ফিরে আসলে আমি টাকা ফেরৎ চাইলে উল্টে আমাকে অশ্লীল ও খারাপ মেজাজে গালিগালাজ করেন। এতে আমি লোকসমাজে চরম লজ্জিত ও অপমানিত হই। এমতাবস্থায় নিরুপাই হইয়া আপনার নিকট সু-বিচার প্রার্থনা করিতেছি।

অত্রএব, বিনীত প্রার্থনা উপরোক্ত বিষয়ে স্বাক্ষীপ্রমানি গ্রহণ পূর্বক কর্জ/ধারের টাকা আদায়ের লক্ষে সুবিচার করিতে জনাবের কৃপা-দৃষ্টি হয়।

**নিবেদক,**

(মোঃ হারুনুর রশিদ)

বরাবর,

চেয়ারম্যান,

গ্রাম আদালত,

৫নং বিনাইল ইউ,পি

বিরামপুর, দিনাজপুর।

বিষয়ঃ  জমির দলিল-পত্রাদি ও ভরন-পোষণ না দেওয়া প্রসঙ্গে।

বাদী,

১। মোঃ আফছার আলী

পিতাঃ মৃত আছির উদ্দিন,

সাং- কল্যানপুর,ডাকঃ কুন্দনহাট,

উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর

বিবাদী,

১। মোঃ মোজাহার আলী,

পিতা- মোঃ আফছার আলী,

সাং- কল্যানপুর,ডাকঃ কুন্দনহাট,

উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর।

২। মোঃ শাহিন,

পিতা- মৃত আজাহার আলী,

সাং- বিছনাতপুর, ডাকঃ কেটরা,

উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অত্র ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের কল্যানপুর গ্রামের একজন সহজ সরল, অতিব অসহায়া আইনের প্রতি শ্রদ্ধাসীল ব্যক্তি হইতেছি। পক্ষান্তরে, ১নং বিবাদী আমার ছেলে ও ২নং বিবাদী আমার নাতী হইতেছে। উল্লেখ্য যে,  ১নং বিবাদীর নিকট আমার ১৫ (পনেরো) কাটা জমি ভোগ-দখলের জন্য ছেড়ে দেওয়া আছে এবং আমার জমির যাবতীয় কাগজ-পত্রাদী তার নিকট আছে। আমার ভাত-কাপড় ও অন্যান্য ভরণ-পোষন খরচের জন্য আমি জমিটি আমার ছেলেকে ছেড়ে দেই । আবার ২নং বিবাদী আমার নাতী আমার জাতীয় পরিচয় পত্রটি ও আমার নিয়ে তার বর্তমান গ্রামঃ বিছনাতপুর এ চলে যায়। আমি তার কাছে জাতীয় পরিচয় পত্রটি ফেরৎ চাইলে ২নং বিবাদী দিতে অস্বীকার করেন। আবার গত ৩(তিন) বছর পূর্বে ১ ও ২নং বিবাদী আমার জমি বিক্রয়ের গচ্ছিত ৩,০০,০০০/-(তিন লক্ষ টাকা) আমার ভোরণ-পোষন করার জন্য সমস্ত টাকা গ্রহণ করেন।  কিন্তু বিবাদীগন আমার কোন প্রকার ভরণ-পোষন খরচ যোগান দেন না। এমতাবস্থায় আপনার গ্রাম আদালতে সু-বিচার প্রার্থনা করিতেছি।

অতএব, প্রার্থনা উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করিয়া আমার ভরণ-পোষনের ব্যাপারে সুবিচার করিতে জনাবের মর্জি হয়।

বরাবর,

চেয়ারম্যান,

গ্রাম আদালত,

৫নং বিনাইল ইউ,পি,

বিরামপুর, দিনাজপুর।

বিষয়ঃ  গরু বিক্রয়ে টাকা না দেওয়া প্রসঙ্গে।

| বাদী, | বিবাদী, |
| --- | --- |
| ১। মোছাঃ পলি, | ১। মোঃ আমিনুল ইসলাম, |
| স্বামী- মোঃ জহুরুল, | পিতা- মৃত গফুর মন্ডল, |
| বর্তমান সাং- বিরামপুর, ডাকঃ বিরামপুর, | সাং- হেড়মা, ডাকঃ কুন্দনহাট, |
| উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর। | উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর |
| স্থায়ী ঠিকানাঃ সাং- হেড়মা, ডাকঃ কুন্দনহাট, | |
| উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর। | |

জনাব,

যথা বিহীত সম্মান জ্ঞাপন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি অত্র ৫নং বিনাইল ইউ,পির  অর্ন্তগত ০৭নং ওয়ার্ডের হেড়মা গ্রামের একজন সহজ সরল, মহিলা ব্যক্তি হইতেছি। আমি বাদী ও বিবাদী একই গ্রামের প্রতিবেশী হইতেছি। উল্লেখ্য যে, আমি বাদী গত ৪(চার) বছর যাবৎ বিরামপুর শান্তি মোড়ে নিজস্ব বাসায় বসবাস করে আসিতেছি। বিবাদী গত ১(এক) বছর পূর্বে আমার বিরামপুর বাড়ী থেকে ১(এক) টি গরু আমার টাকার প্রয়োজনে বিক্রয় করতে দিলে, বিবাদী গরুটি বিক্রয় করে আমাকে টাকা না দিয়ে তার বাড়ীতে চলে আসেন। আমি পরদিন তার কাছে টাকার কথা বললে বিবাদী বলেন টাকা আজ দিবো, কাল দিবো। এভাবে দিনের পর দিন বিভিন্ন তাল-বাহানা ও অযুহাত দেখিয়ে  ১(এক) বছর সময় অতিক্রয় করেন। আমি গত ৩/4 দিন পূর্বে বিবাদীকে আবারও টাকার কথা বললে বিবাদী উল্টে বিভিন্ন ধমক এবং টাকা না দেওয়া হুমকি দেন। এমতাবস্থায় নিরুপাই হয়ে আপনার গ্রাম আদালতে টাকা আদায়েল লক্ষে  বিচার প্রার্থনা করিতেছি।

অতএব, প্রার্থনা উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া আমার গরু বিক্রয়ের টাকা ফেরৎ প্রদানে সুবিচার করিতে আপনার

মর্জি হয়।

বরাবর,

চেয়ারম্যান,

গ্রাম আদালত,

৫নং বিনাইল ইউ,পি,

বিরামপুর, দিনাজপুর।

বিষয়ঃ  স্ত্রীকে অত্যাচার, মারপীট এবং ভরন-পোষণ না দেওয়া প্রসঙ্গে।

| বাদীনি, | বিবাদী, |
| --- | --- |
| ১। মোছাঃ লাভলী বেগম, | ১। মোঃ মানিক, |
| স্বামীঃ মোঃ মানিক, | পিতা- মৃত তছির উদ্দিন, |
| সাং- চৌঠা,ডাকঃ কুন্দনহাট, | সাং- চৌঠা,ডাকঃ কুন্দনহাট, |
| উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর | উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর |

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অত্র ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের চৌঠা গ্রামের বৈবাহিক সূত্রে একজন সহজ সরল, অতিব অসহায়া আইনের প্রতি শ্রদ্ধাসীল মহিলা হইতেছি। পক্ষান্তরে, বিবাদী আমার স্বামী এবং আমি ১ম স্ত্রী হইতেছি। উল্লেখ্য যে, বিবাদীর সহিত গত ২০ (বিশ) বছর পূর্বে আমার বিবাহ হয় এবং বিবাদীর ওরশজাত আমার গর্ভের ১টি ছেলে ও ১টি মেয়ে সন্তান আছে। যার বর্তমান বয়স যথাক্রমে- ১৪ ও ৪ বছর। বিবাদী হঠাৎ গত ২/৩ বছর পূর্বে ২য় বিবাহ করেন। উক্ত ২য় বিবাহের পরে বিবাদী আমার উপর অমানবিক শারিরিক ও মানসিক নির্যাতন চালায়, মারপীট এবং দিনের পর দিন কোন প্রকার ভরন- পোষণ এবং কোন খরচ পত্র যোগান দেন না। তাছাড়া গত ৫/৬ পূর্বে আমার স্বামী ১নং বিবাদী আমার পৈত্রিক সূত্রে প্রাপ্ত ৫০ শাতাংশ জমি অন্যের কাছে ৯০,০০০/-(নব্বই হাজার) টাকা নিয়ে বন্ধকনামা রাখেন এবং পরবর্তীতে ৫(পাঁচ) কাঠা জমি ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা দিয়ে বিক্রয় করেন। এতপরও বিবাদী আমার স্বামী আমাকে ভরন- পোষণ এবং কোন খরচ পত্র যোগান দেন না। বর্তমানে আমি বিবাদী আমার স্বামীর বাড়ীতেই  অসহায় ২টি সন্তানকে নিয়ে অমানবিক জীবন যাপন করিতেছি। এমতাবস্থায় আপনার গ্রাম আদালতে সু-বিচার প্রার্থনা করিতেছি।

অতএব, প্রার্থনা উপরোক্ত বিষয়ে সাক্ষী প্রমান গ্রহণ পূর্বক আমার ২টি সন্তানের ভবিষৎ জীবনের কথা বিবেচনা করে আমার যাবতীয় খরচ পত্র, সকল ভরণ-পোষণ পেয়ে দিতে সুবিচার করিতে আপনার কৃপা দৃষ্টি হয়।

নিবেদিকা,
(লাভলী বেগম)

বরাবর,

চেয়ারম্যান,

৫নং বিনাইল ইউ,পি,

বিরামপুর, দিনাজপুর।

বিষয়ঃ স্ত্রীকে ফেরৎ ও দাম্পত্য জীবনের পূর্ণ উদ্ধার প্রসঙ্গে

| বাদী, | বিবাদী, |
|---|---|
| ১। মোঃ শাহিন,<br>পিতাঃ মৃত মনির উদ্দিন,<br>সাং- তিলনা, ডাকঃ একইর বাজার,<br>উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর<br>মোবাঃ ০১৭৭৩১০৩০২৭। | ১। মোছাঃ বৃষ্টি,<br>পিতা- মোঃ বাচ্চু,<br>২। মোঃ বাচ্চু,<br>পিতা- মোঃ মজিদ,<br>৩। মোছাঃ পারভীন, স্বামী- মোঃ বাচ্চু, সর্ব সাং- খিয়ার তেঘরিয়া, ডাকঃ দেশমা, উপজেলাঃ বিরামপুর, দিনাজপুর |

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি ৬নং জোতবানী ইউ,পির অর্ন্তগত তিলনা গ্রামের বাসিন্দা হইতেছি। পক্ষান্তরে ১নং বিবাদী আমার বিবাহীতা স্ত্রী। আমাদের গত ৮ বছর পূর্বে বিবাহ হয়। দীর্ঘদিন যাবৎ সুখে-শান্তিতে আমরা উভয়ে ঘর-সংসার করিয়া আসিতেছি। আমাদের ১টি মেয়ে সন্তান আছে। যার বয়স ৪$^{১}$/$_{২}$ (সাড়ে চার) বছর । কিন্তু হঠাৎ গত ৩(তিন) মাস পূর্বে আমাদের উভয়ের মধ্যে একটি পারিবাহিক ভুল বুঝাবুঝির জন্য আমার স্ত্রী তার পিতার বাড়ী খিয়ার তেঘরিয়া গ্রামে চলে যায়। আমি তাকে বাড়ীতে আসার জন্য ফোনে যোগাযোগ করলে ফোন রিভিস করে না, আবার রিসিভ করলে বাড়ীতে না আসতে চাইলে আমি তাকে আনতে গেলে আমার স্ত্রী বিনা অজুহাতে বলে সে আমার বাড়িতে যাবে না ও সংসার করবে না। ২ ও ৩নং বিবাদী আমার শ্বশুর ও শ্বাশুড়ী সর্বক্ষণ আমার স্ত্রীকে বিভিন্ন ধরনের কু-মন্ত্রনা দেন যাহাতে সে আমার সাথে সংসার না করে। এমতাবস্থায় আমি নিরুপায় হইয়া আপনার গ্রাম আদালতে সু-বিচার প্রার্থনা করিলাম।

অত্রএব, বিনীত প্রার্থনা আমার উপরোক্ত বিষয়ে বিচার বিশ্লেষণ করে আমার দাম্পত্য জীবন পূর্ণ উদ্ধার করতে জনাবের বিশেষ মর্জি হয়।

নিবেদক,

(মোঃ শাহিন)